উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

ফেব্রুয়ারি/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ০৯/২/২০২৩ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জানুয়ারি/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জানুয়ারি/২০২৩ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জানুয়ারি/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর জানুয়ারি/২০২৩মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জানুয়ারি/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জানুয়ারি/২০২৩ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর | ১৭০৫০/- | |

| | | |
|---|---|---|
| | জানুয়ারি/২০২৩ মাসের মাসের মজুরী বিল | |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর জানুয়ারি/২০২৩ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| ১৩ | উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য জানুয়ারি/২০২৩ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির যাচাই বাছাইকৃত তালিকা উপস্থাপন করেন। দাখিলীয় তালিকা/প্রকল্প অধিকতর যাচাইবাচাই করা হয়। উপস্থাপিত এডিপির প্রকল্পগুলো সভায় সকল সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে অনুমোদন করা হয় (তালিক পরিশিষ্ঠ-খ) । অনুমোদিত/গৃহীত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন যে, আগামী সপ্তাহের মধ্যে এডিপির টেন্ডার/পি আইসি ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করারর উপত গুরুত্বারোপ করেন। এ বিষয়ে জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। উপজেলা প্রকৌশলী জানান যে, শান্তিগঞ্জ উপজেলাধীন ২০ একরের নীচের "গুইরার খাল"জলমহাল ইজারা শর্ত ভঙ্গ করে বেআইনীভাবে মৎস্য আহরণ করায় "গুইরার খাল" ব্রীজের ক্ষতি করার কারণে জলমহাল ইজারা বাতিল ও দায়ী ব্যাক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য সুপারিশ করা হয়। জামলাবাজ মসজিদের পাশ্বের ব্রীজটি পুনঃমেরামত করা জরুরী। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের অনুমোদিত প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে।<br>২. "গুইরার খাল" জলমহাল শুকিয়ে মাছ আহরণের ফলে ব্রীজের ক্ষতি কারার কারণে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>জামলাবাজ মসজিদের পাশ্বের ব্রীজটি পুনঃমেরামত করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>৩। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, পুর্ব পাগলা,পশ্চিম বীরগাও হতে টি আর, কাবিখা, কাবিটার তালিকা পাওয়া যায় নি। জরুরী ভিত্তিতে তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান অত্র উপজেলায় ১০৪ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত নলকূপের মধ্যে ৫০% মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের বরাদ্দ ও ৫০% উপজেলা পরিষদের বরাদ্দ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত প্রকল্পটিসঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেন। | ১০৪ টি গভীর নলকূপ বাস্তবায়নের কাজ সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্র | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে,অত্র উপজেলায় বোরো আবাদের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। চলতি বছর ২২,৯৫১ হেক্টর লক্ষমাত্রার চেয়ে বেশি আবাদ হয়েছে। প্রদর্শনী প্রকল্পের মাধ্যমে কৃষি আবাদ সম্প্রসারণ করা হচ্ছে। ০৫ টি বাড়িতে ০৭ টি কম্প্রোস্ট বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, দরগাপাশা ইউপিতে শিহাব চৌধুরীর আবাদকৃত জমির ৮৯ জাতের ধান লালচে হয়ে গেছে। | ১. বোরো আবাদ/ফসল যেন লালচে/পোকার আক্রমণ/ভাইরাসে যেন ফসলের ক্ষতি না করতে পারে তা পর্যবেক্ষণ করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, কোনো নিবন্ধিত জেলে যদি দুর্ঘটনায় মারা যান তাহলে ৫০,০০০/-টাকা ক্ষতিপুরণ পাওয়ার বিধান রয়েছে। কিছু কিছু জলমহালে শুকিয়ে মাছ আহরণ লক্ষ করা যাচ্ছে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে সচেতন হতে হবে। সদরপুর খালের আশে পাশে নদী ভাঙন দেখা দিয়েছে ফলে অভয়াশ্রম ও পাশ্ববর্তী মানুষের বাড়িঘর হুমকির সম্মুখীন। উপজেলা মৎস্য অফিসের বৈদ্যুতিক মিটারে দীর্ঘদিন যাবত ত্রুটি থাকায় তা মেরামত করা হয়েছে। মেরামত ব্যয় বাবদ ১১,৬৩৩/- (ভ্যাটসহ) টাকার বিল দাখিল করা হয়েছে। দাখিলীয় বিলটি উপজেলা পরিষদ হতে পরিশোধের বিষয়ে উপস্থাপন করেন। | ১.বিল/জলমহাল হতে শুকিয়ে মৎস্য আহরণ বন্ধ করতে হবে।<br>২.বৈদ্যুতিক মিটার মেরামত ব্যয় বাবদ ১১,৬৩৩/- (ভ্যাটসহ) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার পরিবার পরিকল্পনা সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে উপজেলা পরিষদের সহযোগিতায় ও জাইকার অর্থায়নে স্বাস্থ্য সামগ্রী, ডেলিভারী টেবিল,ফার্নিচার, মেডিকেল বেড,ইকুইপমেন্ট বিতরণ করা হয়েছে। এ জন্য উপজেলা পরিষদকে ধন্যবাদ জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা শান্তিগঞ্জ কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | ১) কার্যপত্রসহ পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, ইতিমোধ্যে শিশু জরিপ সম্পন্ন হয়েছে। ১০০% পাঠ্য বই পৌছে গেছে। স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. শিক্ষার মানোন্নয়নে তদারকি বৃদ্ধি করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জানান দুর্গাপুর বিদ্যালয়ের মাটি ভরাটের কাজ শেষ হয়েছে। প্রটেকশ দেওয়াল জরুরী। অত্র উপজেলার ২৬ বিদ্যালয়ের মধ্যে ১১ টি বিদ্যালয়ে শহীদ মিনার স্থাপন সম্পন্ন হয়েছে। মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে ও শিক্ষার প্রসার ঘটানোর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে আরও ভূমিকা রাখার জন্য সভায় অনুরোধ করা হয় । | ১. মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে ও শিক্ষার প্রসার ঘটাতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আলাদা মিটার নেওয়ার কারণে ইতিপূর্বে যে ধরণের ভৌতিক বিদ্যু বিল আসতে তা এখন নিয়ন্ত্রণে রয়েছে।এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ১. বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ৫৪ কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। সরকারি শিশু পরিবারে ০৯ টি শিশু রয়েছে। এতিমদের লেখাপড়া ও ব্যয়ভার বহন করা হবে। বয়স্ক মহিলাদের প্রবীন নিবাস স্থাপন করা হবে। এ বিষয়ে সহযোগিতা প্রদান করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | কার্যক্রমে আর ও গতীশীলতা আনতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, খাদ্য বান্ধব তালিকার অনলাইন ডাটা বেইজ কার্যক্রমে অত্র উপজেলায় মোট ৬৪৬২ জন ভোক্তার মধ্যে ৫৪৩৫ জন ভোক্তার ডাটাবেইজ আপলোডোসহ অনুমোদন হয়েছে। প্রায় ৮৪% ভোক্তার যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ৮৩% ভোক্তার ডাটাবেইজ অনুমোদন হয়েছে। অনলাইন ডাটাবেইজ কার্যক্রমে সবচেয়ে কম যাচাই হয়েছে পাথারিয়া, দরগাপাশা,পূর্বপাগলা,পশ্চিমবীরগাও ইউপিতে। আমন সংগ্রহে বরাদ্দকৃত ৯৯ মে.টন ধানের বিপরীতে এ পর্যন্ত প্রায় ২০ মে.টন ধান এবং ১৫৭ মে.টন চুক্তিকৃত সিদ্ধ চালের বিপরীতে ৩৫ মে.টন চাল সংগ্রহ হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | দ্রুত তালিকা দাখিল করতে হবে। | ১. চেয়ারম্যান (সকল) ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সভায় জানান যে, ছাদে পানি জমে থাকার কারণে অফিসের সামনে ও পিছনে পানি জমে থাকে। ফলে যোকোনো সময় অফিসের গুরুত্বপূর্ণ নথি ও অফিস সরঞ্জামাদি নষ্ট হয়েছ যেতে পারে। তাই অতিরিক্ত পানি নিস্কাশসনের বিষয়টি সমাধান করার জন্য উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জকে অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.অতিরিক্ত পানি নিস্কাশসনের বিষয়টি সমাধান করতে হবে<br>২. কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | ১.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, অতিরিক্ত বিদ্যু বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ কর্মকর্তা জানান VWB কর্মসূচীর আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের উপকারভোগীর কার্ড বরাদ্দ বিলম্ব হওয়ায় জানুয়ারি/২০২৩ মাসের খাস্য শস্য ডিও দেওয়া সম্ভব হয়নাই। সদর কার্যালয় থেকে কার্ড আসলে জানুয়ারি/২০২৩ ও ফেব্রুয়ারি/২০২৩ মাসের ডিও একসঙ্গে দেওয়া হইবে। মা ও শিশু কর্মসূচীর আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের ইউনিয়ন ওয়ারী উপকারভোগী নির্বাচন করা হবে। আবেদনের শর্তাবলি হলো- ভাতাভোগী প্রতিমাসে যারা ৪-৬ মাসের | নির্ধারিত সময়ের মধ্যে আবেদনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | গর্ভবতী তারা উপকারভোগী হিসেবে এন্ট্রি করতে পারবে, এন আইডি,এন্টি নেটাল কেয়ারকার্ড, মোবাইল নং, অনলাইন ব্যাংক একাউন্ড, বয়স ২০-৩৫ ,প্রথম/দ্বিতীয় গর্ভাবস্থা। | | |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক/প্রশিক্ষণ চলছে। গরু মোটাতাজাকরণের জন্য ৬০ জনকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রশিক্ষণার্থী যাচাই বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় ইউপি চেয়ারম্যান ও পশু খামারী/প্রাণিসম্পদ অফিসের সহযোগিতা নেওয়ার জন্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে এবং উপকারভোগী/প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী ফসল রক্ষা বাঁধের কাজ বাস্তবায়ন সংক্রান্ত | সভায় উপ সহকারী প্রকৌশলী, জনাব মোঃ মাহাবুব আলম জানান যে, শান্তিগঞ্জ উপজেলাধীন পশ্চিমবীরগাঁও ইউনিয়নের অন্তর্গত খাই হাওরের বেধাখালী বাঁধের (হাজামবাড়ি) পাশে উপজেলা প্রকৌশলী দপ্তর কর্তৃক লাউগাং খালের উপর একটি ব্রীজ নির্মাণাধীন রয়েছে। সংশোধিত কাবিটা নীতিমালা কমিটির সভাপতি/সদস্য সচিবকে অবহিত না করে নির্মাণ কাজের ঠিকাদারী প্রতিষ্টান খাই হাওরের মুল বাঁধ কিঃমিঃ৪.২০০অংশে প্রায় ৫০ মিটার সম্পূর্ণ রুপে কেটে ফেলেছে । যার ফলে উল্লেখিত বাঁধের অংশটি ঝুকিপূর্ণ হয়েছে ।২০২২-২৩ অর্থ বছরের খাই হাওরের বোরো ফসল রক্ষার জন্য ৫৩নং পিআইসিকে কার্যাদেশ প্রদান করা হয়। সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী ২৮ ফেব্রুয়ারী-২০২৩ এর মধ্যে কাজটি সমাপ্ত করনের নির্দেশনা রয়েছে। আগাম বণ্যার কবল থেকে বোরো ফসল রক্ষার জন্য বাঁধটি খুবই গুরুত্বপূর্ণ। উল্লেখিত স্থানটি শান্তিগঞ্জ উপজেলার ঝুকিপুর্ণ বাধেঁর অংশের মধ্যে অন্যতম একটি।খাই হাওরের প্রায় ৩৬০০হেক্টর বোরো ফসল রক্ষার স্বার্থে ২৮ ফেব্রয়ারীর-২০২৩ এর মধ্যে কাজটি মেরামত করা জরুরী।পুরাতন বাধেঁর সমতুল্য শক্তি অর্জন করতে হলে শতভাগ মেকানিক্যাল কম্পেকশন প্রয়োজন হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বাঁধটি খুবই জনগুরুত্বপূর্ণ। সংশোধিত কাবিটা নীতিমালা কমিটির সভাপতি/সদস্য সচিবকে অবহিত না করে পশ্চিমবীরগাঁও ইউনিয়নের অন্তর্গত খাই হাওরের বেধাখালী ফসল রক্ষা বাধটি কেটে ফেলা সমীচিন হয়নি। এ বিষয়ে জরুরী | উল্লেখিত স্থানটি শান্তিগঞ্জ উপজেলার ঝুকিপুর্ণ বাধেঁর অংশের মধ্যে অন্যতম একটি। খাই হাওরের প্রায় ৩৬০০হেক্টর বোরো ফসল রক্ষার স্বার্থে শান্তিগঞ্জ উপজেলাধীন পশ্চিমবীরগাঁও ইউনিয়নের অন্তর্গত খাই হাওরের খাই হাওরের এলজিইডি ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক কেটে ফেলা মুল বাঁধ কিঃমিঃ৪.২০০অংশে প্রায় ৫০ মিটার জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে। | ১. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ভিত্তিতে টিকাদারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করার বিষয়ে উপজেলা প্রকৌশলী , শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করা হয়। এবং কার্যকর পদক্ষেপ গ্রহণপূর্বক উক্ত কমিটির সভাপতিকে অবহিত করার জন্য সভায় আলোচনা করা হয়। | | |
| ২২ | বিবিধ আলোচনা | (ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ সভায় উপজেলা কমিটি/স্থায়ী কমিটির দ্বি-মাসিক সভার উপর গুরুত্বারোপ করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, যেকোনো উন্নয়নমূলক কাজের প্রস্তাব স্থায়ী কমিটির সিদ্ধান্তের মাধ্যেমে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হবে। মাসিক কমিটি উক্ত প্রস্তাব যাচাই বাছাইয়ান্তে অনুমোদন করবেন। স্থায়ী কমিটি/উপজেলা কমিটির প্রস্তাব ব্যতিত কোনো প্রকল্প/উন্নয়নমূলক কাজ মাসিক সভায় উপস্থাপন হবে না মর্মে উপস্থিত সবাইকে অবহিত করেন। বিগত স্থায়ী কমিটির সকল সভা আগামী মাসিক সভারপূর্বেই সম্পন্ন করে কার্যবিবরণীসহ প্রত্যেক সদস্যসচিবকে আগামী সভায় উপস্থিত করার জন্য অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভা স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করা হবে। স্থায়ী কমিটি/উপজেলা কমিটির দ্বি-মাসিক সভাগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে প্রতিবার মাসিক সভায় কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সদস্যসচিকগণকে অনুরোধ জানান।<br>এ বিষয়ে ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ জানান যে, অনেক ক্ষেত্রেই স্থায়ী কমিটি/উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ ও ইউপি চেয়ারম্যানগণ মিটিং এর এজেন্ডার বিষয়ে স্পষ্ট ধারণা রাখেন না। তাই স্থায়ী কমিটি/উপজেলা কমিটির পূর্বেই কি কি প্রকল্প/প্রস্তাব সভায় উপস্থাপন করা হবে তার একটি পূর্ণাঙ্গ পুর্বপ্রস্তুতি গ্রহণপূর্বক সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করেন।<br>(খ) ইউপি চেয়ারম্যান পাথারিয়া জানান যে, পাথারিয়া বাজারে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করা জরুরী। বর্ষার সময় বাজারে পানি লেগে থাকে। জনসাধারণ ও ব্যবসায়ীগণ বাজারে চলাফেরা করতে পারেনা।<br><br>(গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার ও ভাইস চেয়ারম্যান (পুরুষ), শান্তিগঞ্জ জানান যে, শান্তিগঞ্জ উপজেলায় ১০২ টি হাওর রক্ষা বাধের প্রকল্প অনুমোদন পাওয়া গেছে এর মধ্যে ৮৭ টি প্রকল্পে/হাওরে কাজ চলমান আছে। অন্যান্য প্রকল্পগুলো পর্যায়ক্রমে বিধি মোতাবেক কাজ শুরু করা হবে। বিগত বছর অত্র উপজেলায় কঠিন মনিটরিং ও তদারকির কারণে ফসল রক্ষার বাধ ভেঙ্গে কোনো হাওর তলিয়ে যায়নি। এ বিষয়ে কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং কৃষি অফিসের আওতাধীন সকল উপ-সহকারী কৃষি অফিসারগণকে নিজ নিজ | ১. আবশ্যিকভাবে স্থায়ী কমিটি/উপজেলা কমিটির দ্বি-মাসিক সভা সম্পন্ন করে মাসিক সভায় কার্যবিবরণী/সিদ্ধান্তসহ উপস্থিত থাকতে হবে।<br><br>২. পাথারিয়া বাজারে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩. সকল অফিসার, ইউপি চেয়ারম্যান, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও উপ-সহকারী কৃষি অফিসারগণ নিয়মিত ফসল রক্ষা বাধের কাজ পরিদর্শন/মনিটর করবেন এবং কাজে কোন ধরণের অসংগতি দেখা গেলে তা লিখিতভাবে অবহিত করবেন। | ১. ভাইস চেয়ারম্যান পুরুষ/মহিলা। শান্তিগঞ্জ<br>২. উপজেলা কর্মকর্তা (সকল), শান্তিগঞ্জ<br>৩. ইউপি চেয়ারম্যান (সকল)<br><br>৪. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br><br>৫. উপজেলা কর্মকর্তা (সকল), শান্তিগঞ্জ ও ইউপি চেয়ারম্যান (সকল) |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ১১০ (৫০)

তারিখ: ২৮/০২/২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা .................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েব পোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. চেয়ারম্যান ...................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা..........................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

## উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ০৯/০২/২০২৬ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | নুর হোসেন | 01722441874 | [illegible] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | দুলন রানী তালুকদার | 01737913601 | [illegible] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | | | |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | মো: জাহিদুল ইসলাম | 01724-417816 | [illegible] |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | | | |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | খন্দকার সোহায়েল আহমেদ | 01602476111 | [illegible] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | বাবু [illegible] SAE | 01712-358193 | [illegible] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | সমির চক্রবর্তী | 01715-171668 | [illegible] |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মো: সেলিম খান | 01718-064880 | [illegible] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মো: নুরে আলম সিদ্দিকী | 01717-042369 | [illegible] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | তাহমিনা আক্তার লিমা | 01915546596 | [illegible] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ মামুন আরমান | 01716885165 | [illegible] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দীপ বিশ্বাস | 01758132839 | [illegible] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | | |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | মো: [illegible] হোসেন | 01722227964 | [illegible] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সৌরভ দাস | 01675661922 | [illegible] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | শিউলী রানী বৈদ্য | 0171572049 | [illegible] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | | | |
| ১৯ | উপজেলা আনসার ও বিডিপি কর্মকর্তা | | | |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | বকুল দেবনাথ | 01938879419 | [illegible] |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | [illegible] | 01788573040 | [illegible] |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | শহিদুল ইসলাম | 01797704856 | [illegible] |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | শাহীনুর | 0170879368 44 | [illegible] |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | | | |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | | | |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | | | |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | মো: [illegible] | 01748913944 | [illegible] |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | [illegible] | 01745874863 | [illegible] |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |